

মাতাকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা (EVENING)

কোর্স : পি জি - ৩.২

বিষয় : বাংলা উপন্যাস, পর্ব-১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। কঙ্কাবতীকে ‘মনের মত’ গড়ে তোলার কাজটি খেতু ‘সম্পন্ন’ করেছিল বলেই উপন্যাসে বলা আছে। ‘মনের মত’ গড়া বলতে এখানে কী বোঝানো হয়েছে? ‘সম্পন্ন’ হবার পরেও প্রথম পর্বে খেতু-কঙ্কাবতীর বিয়ে সম্ভব হয়েনি। বিষয়টিকে তুমি কীভাবে দেখতে চাও লেখো।

৫+৫

(অথবা)

২। ‘কঙ্কাবতী’ উপন্যাসে ‘কুসুমঘাটা’র ‘বন্যপ্রদেশে’ যে ভূতের দেখা মেলে ‘ইংরাজি’ পড়া ত্রিপণ্ডু নাস্তিক’রা তাকে অবিশ্বাস করে বলা হলেও উপনিবেশিত কলকাতায় একেবারে ‘ভূতকোম্পানি’কে হাজির করেন লেখক। ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের এই ‘ভূত’ প্রস্তাবটিকে তুমি কীভাবে পড়বে জানাও।

১০

BNG-1325

[Turn Over]

(২)

৩। একদিকে সুচরিতার প্রতি গোরার ব্যক্তিগত মাধুর্যের বোধ, অন্যদিকে তার দেশভাবনার সংকীর্ণতা, এই দুইয়ের টানাপোড়েনে গোরার মধ্যে দেখা দেয় একধরনের আত্মছলনার প্রয়াস। এই কথার সঙ্গে কি তুমি সহমত হবে? তোমার মত স্পষ্ট করে লেখো।

১০

(অথবা)

৪। বিনয়কে ললিতার একসময় মনে হয়েছিল ‘তেলাপোকা’র মতো। গোরার জেলযাত্রা-পর্বে সেই বিনয়ের সঙ্গে ললিতার সম্পর্ক কীভাবে আমূল বদলে গেল তা নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

১০

৫। ‘রাজসিংহ’ উপন্যাসে বঙ্কিমচন্দ্রের ধর্মভাবনার উপস্থাপনাই কি মুখ্য হয়ে থেকেছে, নাকি ঔপন্যাসিকের অভিপ্রায়কে ছাপিয়ে গেছে মানবচরিত্রের রহস্য বিষয়ে লেখকের তুমুল আগ্রহ? যুক্তিসহ তোমার মত জানাও।

১০

(অথবা)

৬। রাজসিংহ চরিত্রের সঙ্গে আভাসে ইশারায় কৃষ্ণকে যুক্ত করার দৃষ্টান্তগুলি মাথায় রেখে এই যোগসাজশের তাৎপর্য নিজের ভাষায় লেখো।

১০

৭। ‘টোঁড়াই চরিত মানস’ উপন্যাসটি হয়ে উঠেছে সমকালীন সমাজের এক বিশেষ খতিয়ান। কাহিনি বিশ্লেষণ করে দেখাও।

১০

(অথবা)

৮। টোঁড়াইকে রামিয়া ও সাগিয়া দুই ভিন্ন নারী কতখানি প্রভাবিত করেছে উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

১০

★★★

BNG-1325

XX24(113)—75